



# SOUTHEAST UNIVERSITY

252, Tejgaon I/A Dhaka-1208

Tel:8802226603610-17, E-mail: info@seu.edu.bd

রেফাঃ এসইইউ/অভিনন্দন বার্তা/৬৩৬/২০২৪

তারিখঃ ০৮/০৮/২০২৪

## অভিনন্দন বার্তা

সমগ্র দেশব্যাপী বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে বাংলাদেশের শিক্ষার্থীরা একাত্মতা ঘোষণা করে এবং নিপীড়নের শিকার হয়ে প্রায় চারশতাধিক শিক্ষার্থীসহ বিভিন্ন শ্রেণি পেশার মানুষ মৃত্যুবরণ করেন।

এ আন্দোলনে সাউথইস্ট বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরাও স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের মাধ্যমে অগ্রণী ভূমিকা পালন করে। সাউথইস্ট বিশ্ববিদ্যালয় পরিবারের পক্ষ থেকে তাদেরকে জানাই আন্তরিক অভিনন্দন।

এ বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে সাউথইস্ট বিশ্ববিদ্যালয়ের চারজন শিক্ষার্থী ইমতিয়াজ আহমেদ জাবির (বিবিএ), কামরুল হাসান রাবিব (ইইই বিভাগ), রাবিব হাসান ও রবিউল লিমন (টেক্সটাইল বিভাগ) শহিদ হয়। সাউথইস্ট বিশ্ববিদ্যালয় পরিবারের পক্ষ থেকে আমরা তাদের আত্মার মাগফিরাত কামনা করছি। এছাড়া অনেক শিক্ষার্থী আহত ও নির্যাতিত হয়। তোমাদের এই আত্মত্যাগে সাউথইস্ট বিশ্ববিদ্যালয় পরিবার গভীর শোক ও সমবেদনা প্রকাশ করছে।

দেশের এই দুঃসময়ে তোমরা যে মহতী উদ্যোগ (ট্রাফিক নিয়ন্ত্রণ, পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযান ও সংখ্যালঘু সম্প্রদায়ের নিরাপত্তা নিশ্চিতকরণ) গ্রহণ করেছ তা অত্যন্ত প্রশংসনীয়।

সাউথইস্ট বিশ্ববিদ্যালয় পরিবার তোমাদের এই বীরত্বময় আত্মত্যাগ গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করছে ও শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করছে।

কর্তৃপক্ষ

সাউথইস্ট বিশ্ববিদ্যালয়